সংবাদ

তারিখ 26 SEP 2007
পৃষ্ঠা 2 কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার ফল প্রকাশ শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৫ সালের চার বছর মেয়াদি অনার্স (সমন্বিত) কোর্স ফাইনাল পরীক্ষার ফল প্রকাশ শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন, আরবি, অর্থনীতি, নৃ-বিজ্ঞান ও পদার্থবিদ্যা বিষয়ের ফল প্রকাশিত হয়েছে। অন্যান্য বিষয়ের ফলাফলও দ্রুত প্রকাশিত হবে। প্রকাশিত ফলাফল কলেজে পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) থেকেও এ ফলাফল জানা যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।